# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম
## শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৬** **তারিখ: ০৮/৬/২০২৬ খ্রিস্টাব্দ**

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | বিভাগ/কেন্দ্র/অনুষদ এর নাম | পদের নাম | পদের সংখ্যা ও ধরণ |
|---|---|---|---|
| ১. | জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্র | অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) | ০৩ (তিন) টি স্থায়ী; |
| | | সহযোগী অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) | ০২ (দুই) টি স্থায়ী; |
| | | সহকারী অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) | ০২ (দুই) টি স্থায়ী; |
| ২. | ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ | সহযোগী অধ্যাপক | ০১ (এক) টি স্থায়ী; |
| ৩. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | সহকারী অধ্যাপক | ০২ (দুই) টি স্থায়ী; |
| ৪. | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ৫. | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই) টি অস্থায়ী; |
| ৬. | মাইক্রোবায়োলজি বিভাগ | প্রভাষক | ০৪ (চার) টি স্থায়ী; |
| ৭. | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ | প্রভাষক | ০৪ (চার) টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ৮. | ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ | প্রভাষক (ফলিত রসায়ন ও কেমিকৌশল বিষয়) | ০২ (দুই) টি স্থায়ী; |
| | | প্রভাষক (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়) (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ৯. | গণিত বিভাগ | প্রভাষক | ০৩ (তিন) টি স্থায়ী; |
| ১০. | আইন বিভাগ | প্রভাষক | ০২ (দুই) টি স্থায়ী; |
| | | প্রভাষক | ০২ (দুই) টি ছুটিজনিত অস্থায়ী; |
| ১১. | ইসলামিক স্টাডিজ বিভাগ | প্রভাষক | ০২ (দুই) টি স্থায়ী; |
| ১২. | বাংলাদেশ স্টাডিজ বিভাগ | প্রভাষক (বাংলাদেশ স্টাডিজ বিষয়) (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই) টি অস্থায়ী; |
| ১৩. | রাজনীতি বিজ্ঞান বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০৪ (চার) টি অস্থায়ী; |
| ১৪. | ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি স্থায়ী; |
| | | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| | | প্রভাষক (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ১৫. | জীব বিজ্ঞান অনুষদ | প্রভাষক (ইংরেজি বিষয়) | ০১ (এক) টি ছুটিজনিত অস্থায়ী। |

**বেতন স্কেল:**

১। অধ্যাপক : জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৩য় গ্রেড;
২। সহযোগী অধ্যাপক : জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৪র্থ গ্রেড;
৩। সহকারী অধ্যাপক : জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৬ষ্ঠ গ্রেড;
৪। প্রভাষক : জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৯ম গ্রেড।

চলমান পাতা-২

<u>প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:</u>

**১। অধ্যাপক :**

**জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রে অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) পদে নিয়োগের যোগ্যতা:**

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই

(ক) এস.এস.সি./সমমান, এইচ.এস.সি./সমমান, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় নিম্নের ৪(১) এ বর্ণিত যোগ্যতাসহ প্রার্থীর উচ্চতর ডিগ্রি পি-এইচ.ডি./ডি.এস.সি./ডি.লিট./ডি.ইঞ্জি. থাকতে হবে।

(খ) নিজ ক্ষেত্রে একজন বিশেষজ্ঞ/পণ্ডিত হিসেবে খ্যাতিমান হবেন।

(গ) ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

(ঘ) আন্তর্জাতিক মানসম্পন্ন জার্নালে প্রকাশনাসহ সহযোগী অধ্যাপক থাকাকালীন স্বীকৃত মানের গবেষণা জার্নালে প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত ন্যূনতম ৫ (পাঁচ) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে অন্ততঃ ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা প্রকাশিত হতে হবে এবং প্রার্থী অন্ততঃ ২ (দুই) টি গবেষণা প্রকাশনার প্রধান লেখক (Principal Author) হতে হবে।

**২। সহযোগী অধ্যাপক :**

**(১) জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রে সহযোগী অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) পদে নিয়োগের যোগ্যতা:**

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই-

(ক) এস.এস.সি./সমমান, এইচ.এস.সি./সমমান, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় নিম্নের ৪(১) এ বর্ণিত যোগ্যতাসহ প্রার্থীর উচ্চতর ডিগ্রি পি-এইচ.ডি./ডি.এস.সি./ডি.লিট./ডি.ইঞ্জি. থাকতে হবে।

(খ) ন্যূনতম ৮ (আট) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) আন্তর্জাতিক মানসম্পন্ন জার্নালে প্রকাশনাসহ সহকারী অধ্যাপক থাকাকালীন স্বীকৃত মানের গবেষণা জার্নালে প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে অন্ততঃ ১ (এক) টি গবেষণা প্রকাশনা প্রকাশিত হতে হবে এবং প্রার্থী অন্ততঃ ১ (এক) টি গবেষণা প্রকাশনার প্রধান লেখক (Principal Author) হতে হবে।

**(২) ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক পদে নিয়োগের যোগ্যতা:**

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই

(ক) এস.এস.সি./সমমান, এইচ.এস.সি./সমমান, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় নিম্নের ৪(১) এ বর্ণিত যোগ্যতাসহ প্রার্থীর উচ্চতর ডিগ্রি যেমন পি-এইচ.ডি./ডি.এস.সি./ডি.লিট./ডি.ইঞ্জি. অথবা এম.ফিল./এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে একটি দ্বিতীয় মাস্টার্স ডিগ্রি অথবা সম্মানসহ দ্বিতীয় ব্যাচেলর ডিগ্রি থাকতে হবে।

(খ) ন্যূনতম ৮(আট) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫(পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

(গ) সহকারী অধ্যাপক থাকাকালীন স্বীকৃত মানের গবেষণা জার্নালে প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে অন্ততঃ ১ (এক) টি গবেষণা প্রকাশনা প্রকাশিত হতে হবে এবং প্রার্থী অন্ততঃ ১ (এক) টি গবেষণা প্রকাশনার প্রধান লেখক (Principal Author) হতে হবে।

(ঘ) উচ্চমানের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা জার্নালে প্রকাশনা থাকলে 'গ' এ বর্ণিত শর্ত শিথিল করা যেতে পারে।

চলমান পাতা-৩

৩। সহকারী অধ্যাপক :

**(১) জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রে সহকারী অধ্যাপক (পদার্থবিদ্যা/গণিত বিষয়) পদে নিয়োগের যোগ্যতা:**

প্রার্থীর এস.এস.সি./সমমান, এইচ.এস.সি./সমমান, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় নিম্নের ৪(১) এ বর্ণিত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই পি-এইচ.ডি. ডিগ্রি থাকতে হবে। প্রভাষক পদে শিক্ষকতার ন্যূনতম ০১ (এক) বছর অভিজ্ঞতা থাকতে হবে। তাছাড়া স্বীকৃত জার্নালে প্রকাশিত ০৩ (তিন) টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে অন্তত ০১ (এক) টি গবেষণা প্রবন্ধ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জার্নালে প্রকাশিত হতে হবে ও অন্তত ০১ (এক) টি প্রকাশনার প্রধান লেখক/Principal Author হতে হবে। স্বীকৃত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**প্রভাষক পদে ন্যূনতম অভিজ্ঞতা গণনার বেলায় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/বিদেশের বিশ্ববিদ্যালয়-এ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পূর্ণকালীন শিক্ষকতার সম্পূর্ণ অভিজ্ঞতা এবং ইউ.জি.সি কর্তৃক স্বীকৃত দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন শিক্ষকতার ৪০% অভিজ্ঞতা (সর্বোচ্চ ০৩ বছর) গণনা করা হবে।**

**(২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে সম্পূর্ণ নতুনভাবে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় প্রযোজ্য যোগ্যতা:**

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের বেলায় নিম্নের ৪(৩) এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। তাছাড়া ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

এম. ফিল./এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ০১ (এক) বছরসহ ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পি-এইচ.ডি./ডি.লিট. ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগে প্রভাষক পদে ন্যূনতম ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

**প্রভাষক পদে ন্যূনতম অভিজ্ঞতা গণনার বেলায় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/বিদেশের বিশ্ববিদ্যালয়-এ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পূর্ণকালীন শিক্ষকতার সম্পূর্ণ অভিজ্ঞতা এবং ইউ.জি.সি কর্তৃক স্বীকৃত দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন শিক্ষকতার ৪০% অভিজ্ঞতা (সর্বোচ্চ ০৩ বছর) গণনা করা হবে।**

৪। প্রভাষক:

**(১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, মাইক্রোবায়োলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, ফলিত রসায়ন ও কেমিকৌশল এবং গণিত বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩ (তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে। তবে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ পর্যন্ত শিথিলযোগ্য। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

চলমান পাতা-৪

**ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক পদের জন্য বি.এস-সি. (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.৬৫ ও সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।**

**ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের প্রভাষক (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়) পদের জন্য বি.এস-সি. ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.৬৫ ও এম.এস./এম.এসসি. ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ন্যূনতম জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।**

**(২) আইন বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩ (তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে, তবে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ পর্যন্ত শিথিলযোগ্য। এলএল.বি (অনার্স) ও এলএল.এম. ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ একটিতে ৩.৬০ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

**(৩) ইসলামিক স্টাডিজ ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উর্ত্তীণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৪০ থাকতে হবে।

**(৪) রাজনীতি বিজ্ঞান বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩ (তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে, কিন্তু কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। তবে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় মোট জি.পি.এ. ৮.০০ প্রযোজ্য নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬০ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

চলমান পাতা-৫

**(৫)ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে প্রভাষক পদে নিয়োগের ন্যূনতম যোগ্যতা :**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

তবে ফিজিক্যাল এডুকেশন ও স্পোর্টস সায়েন্স বিষয়ে কোনো প্রার্থীর মূল ডিগ্রি (অনার্স ও মাস্টার্স ডিগ্রি) না থাকলেও স্পোর্টস সায়েন্স বিষয়ে উচ্চতর ডিগ্রি যেমন-পি-এইচ.ডি/এম.ফিল./বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে তিনি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। এক্ষেত্রেও পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের বেলায় এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে; সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে ন্যূনতম একটিতে সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

**(৬)জীব বিজ্ঞান অনুষদে প্রভাষক (ইংরেজি বিষয়) পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতাঃ**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে; কিন্তু কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। তবে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় মোট জি.পি.এ. ৮.০০ প্রযোজ্য নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

সকল বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি.এইচডি ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.১৫ এবং এম.ফিল/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ২য় মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.০৫ শিথিলযোগ্য। পুরনো পদ্ধতিতে (বিভাগ/শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

<u>অযোগ্যতাঃ</u>

**বিজ্ঞাপিত ন্যূনতম যোগ্যতা থাকা সত্ত্বেও কেহ ছাত্রজীবনে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দণ্ডিত/বহিষ্কৃত হয়ে থাকলে তিনি যে কোনো শিক্ষক পদের জন্য আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বলে গণ্য হবেন।**

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://cu.ac.bd./ noticeboard হতে Download করে উক্ত পদসমূহের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এবং https://cu.ac.bd./forms.php হতে Download করে দরখাস্তের নির্ধারিত ফরম ও প্রকাশনার তালিকার প্রোফর্মা সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা-এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেটি প্রযোজ্য) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূলসেটের সাথে এবং মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি, নিয়োগের জন্য প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পাণ্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

চলমান পাতা-৬

নির্ধারিত ফরমে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ০৮/০৭/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৮টা ৩০ মিনিট হতে বিকাল ৩টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অন্যান্য কাগজপত্র ফেরতযোগ্য নয়।

**উল্লেখ্য ০৪.০১.২০২৫ তারিখে অনুষ্ঠিত চ.বি. সিন্ডিকেটের ৫৫৮তম সভার ১০৬ (খ) নম্বর সিদ্ধান্তে ০৪.০১.২০২৫ তারিখের পূর্বে প্রচারিত শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তিসমূহের পরবর্তী কার্যক্রম বাতিল করা হয়েছে।**

**কোনো বিভাগের একই ক্যাটাগরির/বিষয়ের একাধিক পদের বা বিভিন্ন ধরণের (স্থায়ী/অস্থায়ী/ছুটিজনিত অস্থায়ী) পদের জন্য একাধিক দরখাস্ত করার প্রয়োজন নেই।**

নির্ধারিত ফি ব্যতীত কিংবা উক্ত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদনপত্র, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় ফলাফল অপ্রকাশিত (appeared) প্রার্থীর পেশকৃত আবেদনপত্র, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে আবেদনপত্র) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোনো প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করলে তা বিবেচনা করা যাবে। নিয়োগের জন্য নির্বাচিত হলে (নিয়োগ পেলে) তাঁকে এ বিশ্ববিদ্যালয়ে যোগদানের সময় পূর্বের/সর্বশেষ কর্মস্থল থেকে অবশ্যই ছাড়পত্র আনতে হবে; তবে মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

8.6.2026

**(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)**
**রেজিস্ট্রার** (ভারপ্রাপ্ত)
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**
**যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৯-৯১ এক্স-৪২০১।**

০৪/৬/২০২৬